



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

**UNIVERSITY OF NORTH BENGAL**  
B.A. Programme 3rd Semester Examination, 2023

**DSC1/2-P3-BENGALI**

**NEW & RE-REVISED SYLLABUS**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**DSC3A/3B**

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ‘গৌরাঙ্গ বিষয়ক’ পদ ও ‘গৌরচন্দ্রিকা’র পার্থক্য লেখো।
- (খ) বৈষ্ণব পদাবলী সাহিত্যের তিনজন পদকর্তার নাম ও তাঁদের একটি করে পদের প্রথম পংক্তি উল্লেখ করো।
- (গ) ‘তাতল সৈকতে বারিবিন্দু সম’ — এটি কোন পর্যায়ের পদ? রচয়িতার নাম কী? পদটি কোন ভাষায় রচিত?
- (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর-এর ‘লোকসাহিত্য’ গ্রন্থে ক’টি প্রবন্ধ আছে? প্রবন্ধগুলির নাম লেখো।
- (ঙ) ‘শিব ঠাকুরের বিয়ে হল, তিন কন্যে দান’ — ‘তিন কন্যে’র কাজ উল্লেখ করো। এদের মধ্যে কাকে রবীন্দ্রনাথ সর্বাপেক্ষা বুদ্ধিমতী বলেছেন?
- (চ) ‘দাদা গো দাদা শহরে যাও’ — ছড়াটি কোন প্রবন্ধের অন্তর্গত? এর মূল ভাবটি ব্যক্ত করো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ‘নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে’ — পদটির রচয়িতা কে? পদটিতে চৈতন্যদেবের যে ভাবমূর্তির পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।
- (খ) ‘কণ্টক গাড়ি কমলসম পদতলে’ — এটি কোন পর্যায়ের পদ? কবির নাম কী? পদটির ভাববস্তু বিশ্লেষণ করো।
- (গ) ‘কি কহব রে সখী আনন্দ ওর’ — কার লেখা কোন পর্যায়ের পদ? কার এবং কেন আনন্দের শেষ নেই ব্যাখ্যা করো।
- (ঘ) ‘খোকা যাবে মাছ ধরতে ক্ষীর নদীর কূলে’ — ছড়াটির সৌন্দর্য বিশ্লেষণ করো।
- (ঙ) ‘আয় রে আয় টিয়ে নায়ে ভরা দিয়ে’ — ছড়াটি সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমতের পরিচয় দাও।
- (চ) ‘আজ দুর্গার অধিবাস, কাল দুর্গার বিয়ে।’ — ছড়াটিতে যে করুণরস প্রকাশিত হয়েছে, তার পরিচয় দাও।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) পূর্বরাগ কাকে বলে? এর সঙ্গে অনুরাগের পার্থক্য কী? তোমার পাঠ্য পদগুলি অবলম্বনে পূর্বরাগ ও অনুরাগের বৈশিষ্ট্য বুঝিয়ে দাও।
- (খ) ‘মাথুর’ বলতে কী বোঝো? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? ‘মাথুর’-এর পদ রচনায় তাঁর কৃতিত্ব আলোচনা করো।
- (গ) রবীন্দ্রনাথ কর্তৃক সংগৃহীত দু’টি ছেলেভুলানো ছড়ার উল্লেখ করে সেগুলির কাব্যসৌন্দর্যের পরিচয় দাও।
- (ঘ) ‘গ্রাম্যসাহিত্য’ প্রবন্ধ অবলম্বনে ‘কৃষ্ণধারা-বিষয়ক’ ছড়াগুলিতে বাঙালির ভাবের কথা যেভাবে ব্যক্ত হয়েছে, তা ব্যাখ্যা করো।

—x—